

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৩২৭

আগরতলা, ২২ ডিসেম্বর, ২০২৩

সাংবাদিক সম্মেলনে যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী  
২৯-৩০ ডিসেম্বর আগরতলায় দুদিনব্যাপী খেলো ত্রিপুরা প্যারা গেমস

যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর এবং সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের যৌথ উদ্যোগে আগামী ২৯-৩০ ডিসেম্বর আগরতলার স্বামী বিবেকানন্দ ময়দানে দুদিনব্যাপী খেলো ত্রিপুরা প্যারা গেমস অনুষ্ঠিত হবে। ২৯ ডিসেম্বর বিকেলে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা গেমসের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন। আজ বিকেলে ভগৎ সিং যুব আবাসে এক সাংবাদিক সম্মেলনে যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায় এই সংবাদ জানান। সাংবাদিক সম্মেলনে তিনি জানান, দিব্যাক্ষদের নিয়ে রাজ্যে প্রথমবারের মতো এই প্রতিযোগিতার আয়োজন করা হচ্ছে। এতে রাজ্যের ৮টি জেলা থেকে ৩৬৪ জন অংশ নেবেন।

সাংবাদিক সম্মেলনে যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী জানিয়েছেন, রাষ্ট্রীয় দিব্যাক্ষ দিবসকে কেন্দ্র করে এই গেমসের আয়োজন করা হচ্ছে। দিব্যাক্ষরা যাতে বিভিন্ন পরিষেবার সুযোগ পেতে পারেন সেই লক্ষ্যে এই গেমস চলাকালীন সময়ে প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে সুশাসন শিবিরেরও আয়োজন করা হবে। খেলো ত্রিপুরা প্যারা গেমসে শটপাট, ৫০ মিটার দৌড়, রিং থ্রো, লং জাম্প, দাবা, ক্যারাম, টাগ অব ওয়ার, মিউজিক্যাল বল, মিউজিক্যাল চেয়ার, দৃষ্টিহীনদের ক্রিকেট ও সেভেন সাইড ফুটবল ইভেন্টের উপর প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। দুটি জোনে ভাগ করে ক্রিকেট প্রতিযোগিতা হবে। নর্থ জোনে থাকবে উত্তর ত্রিপুরা, ধলাই, উনকোটি ও খোয়াই জেলা এবং দক্ষিণ জোনে থাকবে পশ্চিম ত্রিপুরা, সিপাহীজলা, গোমতী ও দক্ষিণ ত্রিপুরা জেলা।

\*\*\*\*\*